

ছাত্রদল ক্যাডারদের জিম্মিদশা থেকে চট্টগ্রাম মেডিকেল মুক্ত, কলেজ বন্ধ

'২ মন্ত্রীর দ্বন্দ্বের কারণেই ৪ নেতা গ্রেপ্তার হয়েছে'

চট্টগ্রাম অফিস : ছাত্রদল ক্যাডারদের জিম্মিদশা থেকে চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল মুক্ত হয়েছে। গতকাল বুধবার সকাল থেকে এই অচলাবস্থার নিরসন হলেও কলেজ বন্ধ ছিল। ওদিকে মেডিকেল শাখা ছাত্রদল বলেছে, দুই মন্ত্রী-প্রতিমন্ত্রীর দ্বন্দ্বের কারণে তাদের চার নেতাকর্মী গ্রেপ্তার হয়েছে। গ্রেপ্তারকৃত ছাত্রদল ক্যাডারদের মুক্তি দেওয়া না হলে তারা কলেজ বন্ধ রাখারও হুমকি দিয়েছে। তবে পুলিশের উপস্থিতিতে তারা দেওয়া বিভিন্ন ফটক খুলে দেওয়া হলেও মেডিকেলের পরিস্থিতি ছিল প্রথমমে।

সিএমপিএর একটি বিশেষ দল চট্টগ্রাম মেডিকেল কলেজের অচলাবস্থা কাটাতে অভ্যর্থনা ক্যাম্পাসে হানা দেয়। হাসপাতালের বিভিন্ন ফটকে ঝোলানো তালি মঙ্গলবার রাতেই ভেঙে ফেলা হয়। এ সময় বিপুল সংখ্যক পুলিশ দেখে ছাত্রদল এগিয়ে আসতে পারেনি। সকালে কোনো ক্লাস হয়নি। বিভিন্ন রুমে ঝোলানো তালি ডাঙতে সকাল গড়িয়ে যাওয়ায় দুপুরের পর কয়েকটি ক্লাস হয়েছে বলে জানা যায়। তবে, ছাত্রছাত্রীদের মধ্যে আতঙ্ক ছিল। আউটডোরে অন্যান্য দিনের তুলনায় রোগী কম ছিল।

ওদিকে চট্টগ্রাম মেডিকেল কলেজের ছাত্রদল গতকাল দুপুরে চট্টগ্রাম প্রেসক্লাবে অনুষ্ঠিত এক সংবাদ সম্মেলনে ২ মন্ত্রীর দ্বন্দ্বকে দায়ী করে

● এরপর-পৃষ্ঠা ২ কলাম ১

ছাত্রদল ক্যাডারদের জিম্মিদশা থেকে

● প্রথম পাতার পর বলেছে, চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল আবদুল্লাহ আল হোমানের নিয়ন্ত্রণে আছে। এ জন্য মীর মোহাম্মদ নাহির উদ্দিন বরাট্রমন্ত্রীকে দিয়ে ছাত্রদল নেতাদের গ্রেপ্তার করিয়েছে। ছাত্রদল দাবি করেছে, গ্রেপ্তারকৃতরা চাঁদাবাজ নয়।

ওদিকে গতকালও ছাত্রদলের ক্যাডাররা হাসপাতালের পরিচালকের কক্ষে গিয়ে অশালীন ব্যবহার করেছে বলে জানা যায়।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন ছাত্রদল নেতা জাভেদ ইকবাল। উপস্থিত ছিলেন মাহমুদুর রশীদ, শফিউল্লাহ শফি, মোস্তফা কামাল প্রমুখ।